গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথিনং- ৫(১৩)০১/কাস-বন্ড/কম্পিউটার/বিবিধ/২০২২/ ৭২৫৬ তাং- ৭ /০৬/২০২২খ্রিঃ।

**বিষয়ঃ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিন লক এবং বিন আনলক করা প্রসংগে।**

সূত্রঃ কাস্টম হাউস চট্টগ্রামের পত্র নথি নং-২৮/বিবিধ/সাবটিম-১৬/২০২১-২০২২/২৭০২৯ (কাস), তাং-২২/০৩/২০২২খ্রিঃ।

দৃষ্টি আকর্ষণঃ সিস্টেমস ম্যানেজার , জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি বোর্ডের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রটি এ দপ্তরের পর্যালোচনায় দেখা যায় যে, চট্টগ্রাম কাস্টম হাউস হতে তুলাগা সোয়েটার লিমিটেড নামীয় বন্ডেড প্রতিষ্ঠানটির এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিন লক থাকা সত্ত্বেও এ দপ্তরের অনাপত্তি বা বিন আনলক ব্যাতিরেকে কতিপয় পণ্য চালান খালাসের ক্ষেত্রে উক্ত দপ্তরের মতামত সম্বলিত বিভিন্ন যুক্তি তুলে ধরা হয়েছে।

০৩। উক্ত পত্রে উল্লেখ করা হয় যে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রতিষ্ঠানটির বিন Active Status-Yes করে লক করার কারণে আলোচ্য ক্ষেত্রে পণ্য চালান খালাস প্রদান করা হয়েছে। তবে উক্ত বক্তব্য এ দপ্তরের পর্যালোচনায় গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হয়নি কেননা-

ক) মূলত বিভিন্ন কাস্টম হাউস এবং ভ্যাট কমিশনারেটে ঝুকিপূর্ণ প্রতিষ্ঠানসমূহের আমদানি এবং রপ্তানি কার্যক্রম সাময়িক স্থগিত এবং নিয়ন্ত্রনের জন্য এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে Customs Act 1969 এর Section-13 এর অধীনে বন্ড লাইসেন্স স্থগিতসহ বিন লক করা হয়। এ দপ্তরের জানা মতে বর্তমানে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ঝুকিপূর্ণ প্রতিষ্ঠানসমূহের আমদানি-রপ্তানি চালানের নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে দুইটি পদ্ধতি প্রচলিত রয়েছে, যথা:

১। প্রতিষ্ঠানের বিন সচল রেখে আমদানি-রপ্তানি চালানভিত্তিক নিয়ন্ত্রণ আরোপ; এবং
২। প্রতিষ্ঠানের বিন স্থগিত করে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রতিষ্ঠানের প্রবেশাধিকার রহিতকরণ।

(i) প্রথমোক্ত ক্ষেত্রে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের Selectivity Module দিয়ে বিভিন্ন Coding এর মাধ্যমে আমদানি এবং রপ্তানি উভয়ই, শুধুমাত্র IM7, শুধুমাত্র IM4 অথবা শুধুমাত্র রপ্তানি নিয়ন্ত্রণ করা সম্ভব। এ পদ্ধতিতে একটি Coding Name বা Criteria থাকে যার অধীনে Selective Code অন্তর্ভুক্ত করা হয়। এই Coding Name বা Criteria এর ভিত্তিতে বি/ই Red Channel ভুক্ত হয়। বিন লক এর এটাই প্রচলিত নিয়ম। বি/ই এর Criteria দেখে বিন লককারী অফিসের নাম জানা যায়। নিয়ম অনুযায়ী বিন লককারী কমিশনারেট বা কাস্টম হাউস এর অনাপত্তি পত্র অথবা বিন আনলক সাপেক্ষে Red থেকে Yellow করা হয়। সংশ্লিষ্ট দপ্তর হতে অনাপত্তি পত্র অথবা বিন আনলক ব্যতিরেকে পণ্য চালান Red থেকে Yellow করা আইনানুগ নয় বিধায় তা করা যায় না। কিন্তু দেখা যাচ্ছে বিভিন্ন সময় বিভিন্ন কাস্টম হাউস বিন লক থাকা স্বত্বেও সংশ্লিষ্ট দপ্তর হতে অনাপত্তি পত্র অথবা বিন আনলক ব্যতিরেকে বি/ই Red থেকে Yellow করে পণ্য চালান খালাস করছে। সূত্রীয় পত্রে এরূপ কার্যক্রমকে Surveillance Criteria ভুক্ত বিন লক বলা হয়েছে। অথচ বিন লককারী অফিস এটাকে Surveillance বলেনি। যদি বিন লককারী অফিস Surveillance Criteria এর আওতায় উক্ত বি/ই লক করেও থাকেন সেক্ষেত্রেও পণ্য খালাসে সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি আবশ্যক ছিল।

(ii) দ্বিতীয় ক্ষেত্রে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কোনো প্রতিষ্ঠানের সকল ধরণের কার্যক্রম স্থগিত বা রহিত করা হয়। এ ক্ষেত্রে Reference Table এর সংশ্লিষ্ট BIN এর Active Status "NO" করা হয়ে থাকে। ফলে এ পদ্ধতিতে প্রতিষ্ঠানটি আমদানি-রপ্তানির কোনো পণ্য চালান বা বিল অব এন্ট্রি/ এক্সপোর্ট সাবমিট, এ্যাসেমেন্ট বা রিলিজ করার সুযোগ নাই। কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা হলে তার বন্ডের আমদানি-রপ্তানি, স্বাভাবিক শুল্ক-কর পরিশোধ ক্রমে আমদানি-রপ্তানি বা পুনঃরপ্তানির আমদানি-রপ্তানি, পুনঃআমদানির জন্য রপ্তানি-আমদানি প্রভৃতি সকল কার্যক্রম বন্ধ হয়ে যায়। এ পদ্ধতিতে IM7, IM4 অথবা Export এর যে কোন একটি চালু রাখা বা বন্ধ রাখার কোনও সুযোগ নাই। ফলে কোনো বিন নম্বর বাতিল, আমদানি-রপ্তানির লাইসেন্স বাতিল বা সমপর্যায়ের কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা যুক্তিযুক্ত। শুধুমাত্র বন্ডের আওতায় আমদানি কোনো প্রতিষ্ঠানের বিভিন্ন ধরণের আমদানির একটি আংশিক প্রক্রিয়া হওয়ায় এবং আলোচ্য ক্ষেত্রে এ পদ্ধতিতে সকল ধরণের আমদানি-রপ্তানি বন্ধ করার কোনো উদ্দেশ্য না থাকায় Reference Table এর সংশ্লিষ্ট BIN এর Active Status "NO"করার বিষয়টি যৌক্তিক নয়। ফলে, উপর্যুক্ত বাস্তবতায়, বাস্তবসম্মত কারণে এ দপ্তরের ক্ষেত্রে দ্বিতীয় পদ্ধতি প্রয়োগ করা সম্ভব নয়।

(খ) কমিশনারেট/ কাস্টম হাউসসমূহ শুধুমাত্র Random Selectivity, তাদের নিজস্ব বিন লক করা এবং নিজস্ব Surveillance Criteria ভুক্ত Red Channel বি/ই বা শিপিং বিলের ক্ষেত্রে তাদের নিজস্ব পদ্ধতিতে Red থেকে Yellow বা Yellow থেকে Green করতে পারেন। সেক্ষেত্রে তাদের অন্য দপ্তরের মতামত বা অনাপত্তি পত্রের প্রয়োজনীয়তা বাধ্যতামূলক নয়। উল্লেখ্য, ঢাকা বন্ড কমিশনারেটের ক্ষেত্রে বিন লক এর কোনও Surveillance Criteria তৈরি করা হয়নি। ফলে আলোচ্য ক্ষেত্রে বর্ণিত পণ্যচালানগুলি এ দপ্তরের বিন লক এর মাধ্যমে Red Channel ভুক্ত হওয়ায় বি/ই এর Criteria দেখে Red Channel ভুক্ত হওয়ার কারন জেনে এ দপ্তরের অনাপত্তি পত্র অথবা বিন আনলক সাপেক্ষে Red থেকে Yellow করা হলে তা বিধিসম্মত হতো। ফলে, আলোচ্য পণ্যচালানের ক্ষেত্রে Yellow করণে এ দপ্তরের অনাপত্তি বা মতামত আবশ্যক হলেও আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণ না করে অনিয়মতান্ত্রিক উপায়ে খালাস প্রদান করা হয়েছে।

(গ) ঢাকা বন্ড কমিশনারেটে দীর্ঘ দিন যাবত উল্লেখিত প্রথম পদ্ধতি তথা অনুচ্ছেদ ৩(ক)(১) অনুযায়ী বিন লক করা হয় যার মাধ্যমে শুধু বন্ডের আওতায় (ক) আমদানি (খ) রপ্তানি (গ) আমদানি-রপ্তানি উভয়ই লক করা হয়। বিভিন্ন সময় রপ্তানি কার্যক্রম সচল রাখার স্বার্থে আমদানি পণ্য চালান বন্ধ রেখে শুধুমাত্র রপ্তানি চালান খোলা রাখার জন্যও বিন লক করা হয়। এছাড়াও, মাঝে মাঝে বিন লক রেখেই পণ্য চালান Release করার জন্যে অনাপত্তিপত্র প্রদান করা হয়ে থাকে। । ফলে বিন লক এর ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট আমদানি বা রপ্তানি চালানসমূহ (বি/ই বা শিপিং বিল) Red Chennel ভুক্ত হয় যা পরবর্তীতে এ দপ্তরের অনাপত্তি বা মতামতের আলোকে ব্যবস্থিতব্য যা আলোচ্য ক্ষেত্রে অনুসরণ করা হয়নি।

০৪। উপর্যুক্ত প্রেক্ষিতে এ জাতীয় অনিয়ম রোধকল্পে ,

(ক) সংশ্লিষ্ট কমিশনারেট বা কাস্টম হাউসসমূহ শুধুমাত্র Random Selectivity, তাদের নিজস্ব বিন লক করা এবং নিজস্ব Surveillance Criteria ভুক্ত Red Channel বি/ই বা শিপিং বিলের ক্ষেত্র ব্যতিত অন্য দপ্তরের বিন লক করা এবং Surveillance Criteria ভুক্ত সকল Red Channel বি/ই বা শিপিং বিলের ক্ষেত্রে Criteria দেখে Red Channel ভুক্ত হওয়ার কারণ জেনে উক্ত দপ্তরের অনাপত্তি বা মতামতের আলোকে পণ্য খালাসের পরবর্তী ব্যবস্থা গ্রহণের বিষয়টি বাধ্যতামূলক করার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে একটি নির্দেশনা জারি করা যায়; এবং

(খ) যেহেতু এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ঢাকা বন্ড কমিশনারেটের সংশ্লিষ্ট পণ্য চালানের জন্য বিন লক/ আনলক এ দপ্তর হতেই সম্পন্ন করা হচ্ছে সেহেতু এ সকল ক্ষেত্রে Red Channel ভুক্ত বিল অব এন্ট্রি বা শিপিং বিল এ দপ্তর থেকেই Red থেকে Yellow করার বিষয়টি উক্ত আদেশে অন্তর্ভুক্ত করা যায় ।

০৫। উপর্যুক্ত বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের সদয় অবগতি ও প্রয়োজনীয় নির্দেশনা জারির নিমিত্ত প্রেরণ করা হলো।

<u>সংযুক্তিঃ</u> ১ (এক) পাতা

কাজী মোস্তাফিজুর রহমান
কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

সদস্য
কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথিনং- ৫(১৩)০১/কাস-বন্ড/কম্পিউটার/বিবিধ/২০২২/ 9280(1)

তাং- 9 /০৬/২০২২খ্রিঃ।

**<u>অনুলিপি: সদয় অবগতির জন্য-</u>**

১। সদস্য কাস্টমস নীতি ও আইসিটি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। অফিস কপি।

OC

09/6/22
কাজী মোস্তাফিজুর রহমান
কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

# পিয়ন বহি

| তারিখ | যাহার নিকট প্রেরণ করা হইল। | প্রেরিত চিঠিপত্রের নম্বর ও তারিখ। | পিয়নের নাম | প্রাপকের অফিস সীলমোহরযুক্ত সহি। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 09.05.22 | প্রাপক,<br>সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>ঢাকা | ৭২৫৩ | সংযুক্তি — | ২পাতা |
| " | প্রাপক,<br>সদস্য<br>কাস্টমস নীতি ও আইসিটি<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>ঢাকা | ৭২৫৩(১) | 2 | |

নং স. বি (স ও প) ১৯০/৭৫-৭২৬, তাং ৮-৮-৭৫।
বাঃসঃমুঃ-৯৪/৯৫-১৮০২২জে/কম/২—২,০০০ বই (সি-৪৮) ১৯৯৫।